# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ২১. ৬. খুশিমত মদ খেয়ে আনন্দ-ফুর্তি করার ঐশ্বরিক নির্দেশ

সপরিবারে মাবুদের সামনে ইচ্ছামত আংগুরের মদ বা যে কোনো মাদক পানীয় পান করে আনন্দ-ফুর্তি করার নির্দেশ দিয়ে ঈশ্বর বলেন: "সেই টাকা দিয়ে তোমরা তোমাদের খুশীমত জিনিস কিনবে, যেমন গরু-ছাগল-ভেড়া, মদ বা যে কোনো মাদক পানীয় (wine, or for strong drink কেরি: কি দ্রাক্ষারস কি মদ্য; কি. মো.-৬ আংগুর-রস বা অন্য কোনো মদানো রস) কিংবা তোমাদের খুশীমত আর কিছু। তারপর তোমরা তোমাদের পরিবার নিয়ে তোমাদের মাবুদ আল্লাহর সামনে খাওয়া-দাওয়া করে আনন্দ করবে।" (দ্বিতীয় বিবরণ ১৪/২৬)

মাদকাসক্তদের জন্য এর চেয়ে আকর্ষণীয় পবিত্র নির্দেশ কী আর আছে? ইচ্ছামত, সপরিবারে, মাবুদের সামনে মদ খাও ও ফুর্তি কর! অন্যত্র ফুর্তিতে মদপানের আদেশ দিয়ে বাইবেল বলছে: "তুমি যাও, আনন্দপূর্বক তোমার খাদ্য ভোজন কর, ফুর্তিভরা হৃদয়ে তোমার মদ পান কর (drink thy wine with a merry heart: হৃষ্টচিত্তে দ্রাক্ষারস পান কর)" (উপদেশক/ হেদায়েতকারী ৯/৭)।

পানির বদলে মদপানের নির্দেশ দিয়ে বাইবেল বলছে: "এখন থেকে আর পানি পান করো না; বরং সামান্য মদ ব্যবহার কোরো (Drink no longer water, but use a little wine...)"। (১ তীমথিয় ৫/২৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14481

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন